
**পরীক্ষা শুরু করার আগে সাবধানে এই সম্পূর্ণ পুস্তিকাটি পড়ুন।**
**এই পরীক্ষাটি আপনি আগে যা ব্যবহার করেছেন তার থেকে ভিন্ন হতে পারে।**

Withdrawn January 2024

# MP Biomedicals দ্রুত SARS-CoV-2 অ্যান্টিজেন টেস্ট কার্ডের জন্য আপনার ধাপে ধাপে নির্দেশিকা




ব্যবহারের জন্য এই নির্দেশাবলী কেবল MP Biomedicals দ্রুত SARS-CoV-2 অ্যান্টিজেন টেস্ট কার্ড 07AG6007BS এর সাথে সম্পর্কিত।

কিভাবে নিজের বা অন্য কোনো ব্যক্তির কোভিড-19 পরীক্ষা করবেন এবং NHS এর কাছে পরীক্ষার ফলাফল রিপোর্ট করবেন তা এই নির্দেশিকায় ব্যাখ্যা করা হয়েছে।

**ওয়েলশ ভাষা** সহ বিকল্প ভাষার সংস্করণগুলি এবং ভিডিও প্রদর্শনগুলি **gov.uk/covid19-self-test-help** এ উপলব্ধ

**আপনার সমস্ত পরীক্ষার ফল NHS এর কাছে রিপোর্ট করুন**

# আপনাকে যা যা করতে হবে

## আপনার ধাপভিত্তিক নির্দেশিকা

15 মিনিট প্রস্তুতি

অনুগ্রহ করে ব্যবহারের নির্দেশাবলী মেনে চলুন এবং ধাপগুলো সঠিক ক্রমানুসারে অনুসরণ করুন। প্রতিটি পরীক্ষা প্রস্তুত করতে আনুমানিক 15 মিনিট সময় লাগবে এবং আরো 15 মিনিট পরে ফলাফল প্রস্তুত হবে।

### এই পুস্তিকার বিষয়বস্তু


| বিভাগ | শিরোনাম | পৃষ্ঠা |
|---|---|---|
| 1 | আপনার পরীক্ষা করার জায়গাটি প্রস্তুত করুন | 6 |
| | আপনার টেস্ট কিটের জিনিসপত্র যাচাই করুন | 7 |
| 2 | আপনার পরীক্ষার সেট আপ করুন | 8 |
| 3 | আপনার সোয়াব নমুনা নিন | 10 |
| | অন্য কাউকে সাহায্য করা | 11 |
| 4 | সোয়্যাব নমুনা প্রক্রিয়া করুন | 12 |
| 5 | আপনার ফলাফল পড়ুন | 14 |
| 6 | আপনার ফলাফল রিপোর্ট করুন | 15 |
| 7 | আপনার পরীক্ষায় প্রাপ্ত ফলাফলের মানে কী | 16 |
| 8 | পরীক্ষার পারফরমেন্স | 17 |
| 9 | আপনার টেস্ট কিট নিরাপদে ফেলে দিন | 17 |
| | আপনার পরীক্ষার ফলাফল লিখে রাখুন | 18 |


### কোভিড-19 আছে এমন মানুষদের প্রায় 3 জনের মধ্যে 1 জন জানে না যে তাদের এটা আছে।

নিজে নিজে নিয়মিত পরীক্ষা করে আমরা ভাইরাস বিস্তারের গতি মন্থর করতে পারি এবং আমাদের পরিবার ও সমাজের সবচেয়ে ঝুঁকিপূর্ণ মানুষদের সুরক্ষিত রাখতে সহায়তা করতে পারি।



## পরীক্ষাটি করা সম্বন্ধে পরামর্শ

আপনাকে সাহায্য করার জন্য, পুরো নির্দেশিকা জুড়ে ছড়িয়ে আছে দরকারি পরামর্শ, উপদেশ ও সতর্কীকরণ বাক্স। এসব নির্দেশনা যত্ন সহকারে ধাপে ধাপে অনুসরণ করলে, নির্ভরযোগ্য ফলাফল পাওয়ার সম্ভাবনা অনেক বেশি থাকবে।

### সাধারণ নির্দেশনা ও সতর্কীকরণ

- যদি আপনার নোজ পিয়ার্সিং থাকে, সোয়াব করার আগে পিয়ার্সিংটি সরান।
- যদি সোয়াবিংয়ের সময় আপনার নাক দিয়ে রক্তপাত হয়, অনুগ্রহ করে সোয়াবিং বন্ধ করুন। সোয়াবটি পরীক্ষা করা যাবে না।
- পণ্যটি প্রাকৃতিক রাবার ল্যাটেক্স দিয়ে তৈরি করা হয়নি। তবে অন্তিম ব্যবহারকারীকে যেভাবে সরবরাহ করা হয় তাতে পণ্যটির মধ্যে প্রাকৃতিক রাবার ল্যাটেক্স-এর উপস্থিতি বা যৎসামান্য পরিমাণ থাকার সম্ভাবনা সম্পূর্ণ বাদ দেওয়া যায় না।
- ছোট বাচ্চাদের থেকে পরীক্ষার কিট দূরে রাখুন।
- সোয়াব স্যাম্পলিং ধাপগুলি খুব সাবধানে মেনে চলুন এবং সর্বদা এই কিটের সাথে প্রদান করা সোয়াবগুলি ব্যবহার করুন। সঠিকভাবে নমুনা সংগ্রহ করতে ব্যর্থ হলে পরীক্ষার ফলাফল ভুল হতে পারে।
- দৃষ্টির প্রতিবন্ধকতা সহ, অতিরিক্ত সহায়তার প্রয়োজন ব্যক্তিদের অন্য একজন প্রাপ্তবয়স্ক সাহায্য করতে পারেন। পরীক্ষা করার সময় পৃষ্ঠা 11-তে দেওয়া অতিরিক্ত তথ্যের প্রতি বিশেষভাবে মনোযোগ দিন।

**সতর্কীকরণ**

মেয়াদ শেষ হওয়ার তারিখের পরে পণ্যটি ব্যবহার করবেন না।

**পরামর্শ**

- পরীক্ষার কিটটি একটি শীতল শুষ্ক স্থানে (4°C থেকে 30°C) সংরক্ষণ করুন।
- সরাসরি সূর্যের আলোতে রাখবেন না এবং ফ্রিজ বা ফ্রিজারে সংরক্ষণ করবেন না কারণ তার ফলে পরীক্ষার ফলাফল ভুল হতে পারে।
- সিল করা মোড়ক ক্ষতিগ্রস্থ থাকলে বা সিল ভাঙ্গা থাকলে পরীক্ষার কার্ডটি ব্যবহার করবেন না।
- কিটটি স্বাভাবিক তাপমাত্রায় (15°C থেকে 30°C) ব্যবহার করা উচিত। কিটটি যদি একটি জায়গায় সংরক্ষণ করা হয় যা 15°C এর কম, তাহলে এটি ব্যবহার করার আগে 30 মিনিটের জন্য স্বাভাবিক ঘরের তাপমাত্রায় রেখে দিন।


Withdrawn January 2024

# এই পরীক্ষা বিষয়ে

## আপনার কেন নিজে পরীক্ষা করা উচিত

এই কোভিড-19 স্বয়ং-পরীক্ষার কিটটি হল নাকের জন্য একটি সোয়্যাব পরীক্ষা যাতে পরীক্ষা করা যায় যে আপনি সংক্রামক কিনা। যে সমস্ত মানুষের উপসর্গ আছে এবং যাদের কোনো উপসর্গ নেই, এটি সেই উভয় প্রকারের মানুষের জন্য। তবে, আপনার জন্য কোন ধরনের পরীক্ষা সঠিক তা যাচাই করার জন্য আপনার জাতীয় নির্দেশনাগুলি অনুসরণ করা উচিত।

### আপনার কোভিড-19 পরীক্ষার ফল পজিটিভ হলে আপনার যা করা উচিত:

- রোগটির বিস্তারকে সীমিত করতে সাহায্য করার জন্য, আপনাকে এবং আপনার পরিবারকে বর্তমান সরকারি নির্দেশিকা মেনে চলতে হবে: **nhs.uk/conditions/coronavirus-covid-19/self-isolation-and-treatment/**
- আপনি যাদের নিকট সংস্পর্শে ছিলেন এবং যে সকল জায়গায় আপনি গত 48 ঘণ্টায় গেছেন আপনার উপসর্গ শুরু হওয়ার আগে, অথবা যদি কোন উপসর্গ উপস্থিত না থাকে তাহলে যেদিন আপনি একটি পজিটিভ পরীক্ষার ফল পেয়েছেন, তাদের সম্পর্কে জানান সম্ভাব্য কোভিড-19 সংক্রমণের পরীক্ষা করার জন্য। সব সময় স্থানীয় এবং জাতীয় নির্দেশিকা মেনে চলুন।

### আপনার কোভিড-19 পরীক্ষায় নেগেটিভ ফল পাওয়া গেলে

এটা সম্ভব যে পরীক্ষা করানোর সময় আপনি সংক্রামক ছিলেন না। কিন্তু, একটি নেগেটিভ ফলাফল কোনো নিশ্চয়তা দেয় না যে আপনার করোনাভাইরাস নেই। আপনার উচিত সরকারি নির্দেশিকা অনুসরণ করা অব্যাহত রাখা উচিত।

**পরামর্শ**

যদি আপনার বা আপনার শিশু/শিশুদের করোনাভাইরাস (কোভিড-19) এর উপসর্গ থাকে বা করোনাভাইরাস (কোভিড-19) হয়ে থাকে, তাহলে অনুগ্রহ করে অনলাইনে NHS এর নির্দেশিকা দেখুন: **nhs.uk/conditions/coronavirus-COVID-19**

যদি আপনার বা আপনার শিশু/শিশুদের করোনাভাইরাসের (কোভিড-19) উপসর্গ থাকে এবং অবস্থার অবনতি ঘটে, বা আপনি/আপনার শিশু/শিশুরা 7 দিন পরেও ভালো না হন, তাহলে NHS **111** অনলাইন পরিষেবা: **111.nhs.uk** এ যান। আপনার যদি ইন্টারনেট অ্যাক্সেস না থাকে, তাহলে NHS **111** নম্বরে কল করুন। কোনো চিকিৎসাগত জরুরি অবস্থার ক্ষেত্রে **999** নম্বরে ডায়াল করুন।

**আপনি উদ্বিগ্ন হলে, সাহায্য নিতে দেরি করবেন না। আপনার সহজাত বুদ্ধি-বিবেচনার উপর ভরসা রাখুন।**

## এই পরীক্ষা যাদের জন্য উপযোগী

### 14 বছরের কম বয়সী শিশু

প্রাপ্তবয়স্কদের দ্বারা সহায়তা করা উচিত। আপনি যদি শিশুদের সাহায্য করার ক্ষেত্রে আত্মবিশ্বাসী না বোধ করেন তাহলে এই পরীক্ষাটি করবেন না। (শিশুদের সহায়তা করার বিষয়ে আরও তথ্যের জন্য অনুগ্রহ করে পৃষ্ঠা 11 দেখুন)

### 14 বছর বা তার বেশি বয়সের ব্যক্তিরা

14-17 বছর বয়সী কিশোর-কিশোরীরা প্রাপ্তবয়স্কদের তত্ত্বাবধানে নিজেদের পরীক্ষা করতে পারে। প্রয়োজন হলে সহায়তা নিয়ে, অন্য সকলে নিজেকে পরীক্ষা করেন এবং রিপোর্ট করেন।

### কত ঘন ঘন পরীক্ষা করতে হয়

আপনার কত ঘন ঘন পরীক্ষা করা উচিত তা আপনার পরিস্থিতি এবং বর্তমান জাতীয় বা স্থানীয় নির্দেশিকা অনুযায়ী ভিন্ন হতে পারে।

### আরো সহায়তা কোথায় পাওয়া যাবে


নিজে নিজে পরীক্ষার আরো তথ্য পাওয়া যাবে এখানে: **gov.uk/covid19-self-test-help**

Withdrawn January 2024


এই নির্দেশিকার পুস্তিকা কেবল MP Biomedicals দ্রুত SARS-CoV-2 অ্যান্টিজেন টেস্ট কার্ড, পণ্যের কোড: 07AG6007BS।
আপনার সমস্ত পরীক্ষার ফল NHS এর কাছে রিপোর্ট করুন

# 1. আপনার পরীক্ষা করার জায়গাটি প্রস্তুত করুন

**আপনার প্রয়োজন হবে:** একটি টাইমার যেমন একটি হাত ঘড়ি বা ঘড়ি, টিস্যু, সারফেস ক্লিনার, হ্যান্ড স্যানিটাইজার বা সাবান এবং উষ্ণ জলের অ্যাক্সেস।



1. এই ব্যবহারের নির্দেশের নথিটি সাবধানে পড়ুন। আরো সাহায্য লাগলে সোয়্যাব পরীক্ষার ভিডিওটি অনলাইনে দেখতে পারেন: **gov.uk/guidance/covid-19-self-test-help**



2. পরীক্ষাটি শুরু করার অব্যবহিত আগে, পরীক্ষার কিটটি রাখার জন্য একটি সমতল পৃষ্ঠতলকে পরিষ্কার করুন ও শুকিয়ে নিন।




3. সাবান ও গরম পানি বা হ্যান্ড স্যানিটাইজার দিয়ে আপনার হাত দু'টি 20 সেকেন্ড ধরে ভালোভাবে ধুয়ে ফেলুন।
আপনি যদি একজনের বেশি ব্যক্তির পরীক্ষা করান অথবা একটি বাতিল হওয়া পরীক্ষা আবার করান, তাহলে প্রতিটি পরীক্ষার মাঝে আপনার হাত ধুয়ে নিন।



# কিটের সামগ্রী পরীক্ষা করুন

4. আপনার পরীক্ষার বাক্সে নীচের সমস্ত সামগ্রী থাকা উচিত। নিশ্চিত করুন যে কোনো কিছু খারাপ হয়নি বা ভেঙ্গে যায়নি।




**পরামর্শ**

**কোনো কিছু ক্ষতিগ্রস্ত, ভাঙা বা অনুপস্থিত থাকলে কী করতে হবে**
আপনি যদি লক্ষ্য করেন যে কোনো কিছু ক্ষতিগ্রস্ত, ভাঙা বা অনুপস্থিত আছে, তাহলে অনুগ্রহ করে পরীক্ষার কিটটি ব্যবহার করবেন না। আপনি গ্রাহক যোগাযোগ কেন্দ্রে ফোন করে ফীডব্যাক দিতে পারেন। লাইনগুলি সকাল 7টা থেকে রাত 11টা পর্যন্ত খোলা আছে।


ফোন করুন: **119** নম্বরে (মোবাইল ও ল্যান্ডলাইন থেকে বিনামূল্য)।
আমরা 200-টি ভাষায় ছাড়াও ব্রিটিশ সাইন ল্যাঙ্গুয়েজে সহায়তা প্রদান করি।

আপনি যদি কোনো ডিভাইসের দ্বারা ক্ষতিগ্রস্ত হন, সেই ক্ষেত্রে এটা রিপোর্ট করলে অন্যদের সাহায্য হতে পারে, অনুগ্রহ করে এখানে যান: **coronavirus-yellowcard.mhra.gov.uk**


Withdrawn January 2024

# 2. আপনার পরীক্ষার সেট আপ করুন

Withdrawn January 2024



**5** তরল পরা এড়াতে এক্সট্র্যাকশন টিউবটি টিউব স্ট্যান্ডে রাখুন।




**6** এক্সট্র্যাকশন বাফার বোতলের ঢাকনাটি ঘোরান।

**সতর্কতা:** আপনার মুখ থেকে সরিয়ে এক্সট্র্যাকশন বাফার বোতলটি খুলুন এবং সতর্ক থাকুন যাতে কোন তরল পরে না যায়।




**7** এক্সট্রাকশন বাফার বোতল থেকে এক্সট্রাকশন টিউবে সমস্ত বাফার সলিউশন চেপে ঢোকান।

**সতর্কতা:** বোতলটি টিউবের সাথে স্পর্শ করা এড়িয়ে চলুন।




**8** আলতো করে আপনার নাক টিস্যুতে ঝাড়ুন এবং বন্ধ বিনে টিস্যুটি ফেলে দিন।

আপনি যদি কোনো শিশুকে পরীক্ষা করেন, তাহলে তাদের সাহায্য করুন তাদের নাক ঝাড়তে। এটা করা হয় যাতে আপনি অতিরিক্ত শ্লেষ্মা পরিত্যাগ করতে পারেন।







**9** আবার ভালোভাবে আপনার হাত ধুয়ে নিন 20 সেকেন্ডের জন্য সাবান এবং উষ্ণ জল ব্যবহার করে।




**10** সিল করা মোড়কে স্টেরাইল সোয়্যাবটি খুঁজুন। সোয়্যাবের নরম, কাপড়ের ডগাটি সনাক্ত করুন




**11** সোয়াবের মোড়ক খুলুন এবং সাবধানে সোয়াবটি বের করুন।

**সতর্কীকরণ**

আপনার হাত দিয়ে সোয়াবের নরম, ফ্যাব্রিক টিপ স্পর্শ করবেন না

Withdrawn January 2024

# 3. আপনার সোয়াব নমুনা নিন


**সতর্কীকরণ**

পরীক্ষা শুধুমাত্র নাক থেকে একটি সোয়াব নমুনা ব্যবহার করে সঙ্কলিত করা উচিত। আপনি যদি সোয়াবের নির্দেশাবলী সাবধানে অনুসরণ না করেন, তাহলে পরীক্ষার ফলাফল ভুল হতে পারে।

**যদি 14 বছরের কম বয়সী একটি শিশুকে সাহায্য করতে হয়, অথবা কোন ব্যক্তিকে যার সাহায্যের প্রয়োজন, পৃষ্ঠা 11-র ধাপগুলি অনুসরণ করুন।**




**12** সাবধানে একটি নাসারন্ধ্রে সোয়াবটি ঢোকান। সোয়াবের টিপ নাসারন্ধ্রের প্রান্ত থেকে 2.5 সেন্টিমিটারের চেয়ে কম না ঢোকানো উচিত।




**13** আস্তে আস্তে আপনার নাসারন্ধ্রের চারপাশে সোয়াবটি গোলাকার গতিতে 3-4 বার ঘুরান। ধীরে ধীরে এটি সরান। কোনো বল প্রয়োগের প্রয়োজন নেই এবং নাসারন্ধ্রের ভিতরে অনেক দূর পর্যন্ত চাপ দিতে হবে না।

**সতর্কতা:** অস্বস্তিকর অনুভব হতে পারে। আপনি যদি জোরালো প্রতিরোধ বা ব্যথা অনুভব করেন, তাহলে সোয়াবটি এর চেয়ে বেশি গভীরে ঢোকাবেন না।

**একই সোয়াব ব্যবহার করে, অন্যান্য নাসারন্ধ্রের জন্য 12 এবং 13 নম্বর ধাপগুলি পুনরাবৃত্তি করুন।**

এই নির্দেশিকার পুস্তিকা কেবল MP Biomedicals দ্রুত SARS-CoV-2 অ্যান্টিজেন টেস্ট কার্ড, পণ্যের কোড: 07AG6007BS।




# অন্য কাউকে সাহায্য করা

14 বছরের কম বয়সী শিশুদের একজন প্রাপ্তবয়স্কের সহায়তা করা উচিত। নীচের নির্দেশিকা অনুসরণ করুন একটি শিশু বা যে ব্যক্তির সাহায্যের প্রয়োজন তাকে প্রস্তুত ও সাহায্য কিভাবে করতে হয় তার জন্য। আপনি একটি ডেমনস্ট্রেশন ভিডিও দেখতে পারেন: **gov.uk/guidance/covid-19-self-test-help**

আপনি যদি কোন শিশুকে সাহায্য করেন তাহলে তাকে পরীক্ষার কিট দেখান এবং আপনি কি করবেন তা নিয়ে তাদের সাথে কথা বলুন। শিশুটিকে বলুন একটি টিস্যুতে তাদের নাক ঝাড়তে। টিস্যুটি একটি বন্ধ বিনের মধ্যে রাখুন।



**12** সাবধানে তাদের একটি নাসারন্ধ্রের মধ্যে সোয়াব ঢোকান। প্রতিরোধক অনুভূত না হওয়া পর্যন্ত সোয়াব টিপ ঢোকানো উচিত।




**13** আস্তে আস্তে আপনার নাসারন্ধ্রের চারপাশে সোয়াবটি গোলাকার গতিতে 3-4 বার ঘুরান। ধীরে ধীরে এটি সরান। কোনো বল প্রয়োগের প্রয়োজন নেই এবং নাসারন্ধ্রের ভিতরে অনেক দূর পর্যন্ত চাপ দিতে হবে না।

**সতর্কতা:** এটি অস্বস্তিকর মনে হতে পারে। আপনি যদি জোরালো প্রতিরোধ বা ব্যথা অনুভব করেন, তাহলে সোয়াবটি এর চেয়ে বেশি গভীরে ঢোকাবেন না।

**একই সোয়াব ব্যবহার করে, অন্যান্য নাসারন্ধ্রের জন্য 12 এবং 13 নম্বর ধাপগুলি পুনরাবৃত্তি করুন।**


এই নির্দেশিকার পুস্তিকা কেবল MP Biomedicals দ্রুত SARS-CoV-2 অ্যান্টিজেন টেস্ট কার্ড, পণ্যের কোড: 07AG6007BS।

# 4. সোয়্যাব নমুনা প্রক্রিয়া করুন


Withdrawn January 2024

**টিপ**

সেরা কার্যসম্পাদনের জন্য, আপনার নাসারন্ধ্রের সোয়্যাব নেওয়ার পরে যত তাড়াতাড়ি সম্ভব নাকের সোয়্যাবটি পরীক্ষা করুন।




**14** এক্সট্রাকশন টিউব তুলুন এবং নমুনা সহ সোয়াবটি এক্সট্র্যাকশন টিউবে রাখুন। সোয়াবটি 3-5 বার ঘোরান। সোয়াবটি 1 মিনিটের জন্য এক্সট্র্যাকশন সলিউশনে রেখে দিন।



**15** যতটা সম্ভব টিউবে দ্রবণ ছেড়ে দেওয়ার জন্য সোয়াব সরানোর সময় আঙ্গুল দিয়ে এক্সট্র্যাকশন টিউবটি এক সাথে চাপুন। সোয়াবটি আবার সোয়াবের মোড়কে রেখে দিন।




**16** ড্রপারের ক্যাপটি এক্সট্র্যাকশন টিউবের ওপরে শক্তভাবে লাগান।

**পরামর্শ**

এই ধাপটি সম্পূর্ণ করার পরে আবারও আপনার হাত ধুয়ে নিন।









**17** ফয়েল পাউচটি খুলুন এবং পরীক্ষার কার্ডটি সরান।


**সতর্কীকরণ**

খোলার পরে পরীক্ষার কার্ডটি অবিলম্বে ব্যবহার করা আবশ্যক।




**18** পরীক্ষা কার্ডটি একটি পরিষ্কার, সমতল এবং মসৃণ পৃষ্ঠতলে রয়েছে তা নিশ্চিত করুন।

পরীক্ষার সময় কার্ডটি সরাবেন না।




**19** আস্তে আস্তে এক্সট্রাকশন টিউবটি চাপুন পরীক্ষার নমুনার 3 ফোঁটা পরীক্ষার কার্ডের ওয়েলের (S লেবেল যুক্ত) মধ্যে রাখুন।

**সতর্কতা:** নিশ্চিত করুন যে ওয়েলে আপনি তরল ফেলছেন এবং ওয়েলে বাতাসের বুদবুদ নেই।




**20** একটি টাইমার সেট করুন এবং 15 মিনিট অপেক্ষা করুন ফলাফল পড়ার আগে। একটি পজিটিভ ফলাফল যে কোন সময় প্রদর্শিত হতে পারে, কিন্তু নেতিবাচক ফলাফল রেকর্ড করার জন্য আপনার সম্পূর্ণ 15 মিনিট অপেক্ষা করা উচিত কারণ পরীক্ষার লাইন (T) প্রদর্শিত হতে এতটা সময় লাগতে পারে।


পরের পৃষ্ঠায় দেখুন কীভাবে আপনার ফলাফল পড়তে এবং রিপোর্ট করতে হয়। >>

# 5. আপনার ফলাফল পড়ুন

**গুরুত্বপূর্ণ**

20 মিনিটের বেশি পরীক্ষা চলতে দেবেন না, তাহলে ফলাফল বরবাদ হয়ে যাবে।








## পজিটিভ ফলাফল

দুটি লাইন দেখা যায়। একটি রঙিন লাইন কন্ট্রোল লাইন অঞ্চলে (C) থাকা উচিত এবং অন্য একটি রঙীন লাইন টেস্ট লাইন অঞ্চলে (T) থাকা উচিত। C-এর পাশে একটি আর T-এর পাশে একটি, মোট দুইটি রেখা, এমনকি আবছা হলেও দেখায় যে পরীক্ষার ফলাফল পজিটিভ এসেছে।


**গুরুত্বপূর্ণ**

আপনি যদি পরীক্ষায় পজিটিভ ফল লাভ করেন তাহলে আপনার নিজেকে বিচ্ছিন্ন রাখা উচিত এবং আপনার পরিবারের উচিত নিজেকে বিচ্ছিন্ন রাখা সম্পর্কে সরকারি নির্দেশিকা মেনে চলা: **nhs.uk/conditions/coronavirus-covid-19/self-isolation-and-treatment/**




## নেগেটিভ ফলাফল

একটি রঙিন লাইন কন্ট্রোল লাইন অঞ্চলে (C) দেখা যায়। টেস্ট লাইন অঞ্চলে (T) কোনো লাইন দেখা যায় না।




## বাতিল হওয়া ফলাফল

কন্ট্রোল লাইন (C) দেখা যায় না।



# 6. আপনার ফলাফল রিপোর্ট করুন


## আপনার পজিটিভ, নেগেটিভ ও বাতিল হওয়া ফলফল NHS এর কাছে রিপোর্ট করতে হবে।




সকল পরীক্ষার ফলাফল রেকর্ড করা হলে তা বৈজ্ঞানিকদেরকে নতুন ভাইরাসের প্রাদুর্ভাব ধরতে এবং কীভাবে ব্যবস্থা নিতে হবে সেই পরামর্শ দিতে সাহায্য করে। লোকজন যদি কেবল পজিটিভ ফলাফল রিপোর্ট করে, তাহলে সংক্রমণের মাত্রা প্রকৃত অবস্থার চেয়ে বেশি দেখায়।

তাই আপনার পরীক্ষার ফলাফল নেগেটিভ বা বাতিল হলেও, নিশ্চিত করবেন যেন NHS এর তথ্য নির্ভুল থাকে।


আপনার ফলাফল রিপোর্ট করার জন্য আপনার QR কোড বা সেটার নিচের আইডি নম্বরটি প্রয়োজন।



## অনলাইনে রিপোর্ট করুন (দ্রুততম)

যদি আপনি ইংল্যান্ড, ওয়েলস বা উত্তর আয়ারল্যান্ডে বসবাস করেন, তাহলে দেখুন: **gov.uk/report-covid19-result**

আপনি যদি স্কটল্যান্ডে বসবাস করেন, তাহলে দেখুন: **covidtest.scot**



## অথবা টেলিফোনে রিপোর্ট করুন

**119** নম্বরে ফোন করুন

লাইনগুলি প্রতিদিন সকাল 7টা থেকে রাত 11টা পর্যন্ত খোলা থাকে (মোবাইল এবং ল্যান্ডলাইন থেকে বিনামূল্য)




Withdrawn January 2024

# 7. আপনার পরীক্ষায় প্রাপ্ত ফলাফলের মানে কী

## ফলাফল রিপোর্ট করার পরেই আপনার পরীক্ষাটি সম্পূর্ণ হবে।

### পজিটিভ ফলাফল

যদি আপনি একটি পজিটিভ ফলাফল পান, সম্ভবত আপনি বর্তমানে কোভিড-19 আক্রান্ত এবং অন্যদের সংক্রমিত করার ঝুঁকি আছে। আপনার নিজেকে বিচ্ছিন্ন করা উচিত। আপনি যখন আপনার ফলাফল জানাবেন আপনাকে পরবর্তী পদক্ষেপগুলি সম্পর্কে আরও তথ্য প্রদান করা হবে।

**সতর্কীকরণ**

আপনি এবং আপনার সাথে বসবাসকারী যে কারো বর্তমান জাতীয় এবং স্থানীয় নির্দেশিকা অনুসরণ করা উচিত। এটি এখানে পাওয়া যাবে: **nhs.uk/conditions/coronavirus-COVID-19/self-isolation-and-treatment/** এ, বা **119** নম্বরে গ্রাহক যোগাযোগ কেন্দ্রে ফোন করে। লাইনগুলি প্রতিদিন সকাল 7টা থেকে রাত 11টা পর্যন্ত খোলা থাকে।

### নেগেটিভ ফলাফল

আপনি যদি নেগেটিভ ফলাফল পান, তাহলে এমন সম্ভাবনা আছে যে পরীক্ষাটি যে সময়ে করা হয়েছিল তখন আপনি সংক্রামক ছিলেন না। তবে পরীক্ষার একটি নেগেটিভ ফলাফল নিশ্চয়তা দেয় না যে আপনার কোভিড-19 নাই।

আপনার পরীক্ষার ফল নেগেটিভ হলে, আপনাকে জাতীয় ও স্থানীয় নিয়মাবলী ও নির্দেশনা অনুসরণ করা চালিয়ে যেতে হবে, যার মধ্যে অন্তর্ভুক্ত হলো নিয়মিত হাত ধোয়া, সামাজিক দূরত্ব বজায় রাখা এবং যেখানে প্রয়োজন সেখানে মুখ ঢাকার আবরণ পরা।

যদি আপনার উপসর্গ দেখা দেয় তাহলে আপনাকে নিজেকে বিচ্ছিন্ন রাখা উচিত এবং বর্তমান সুপারিশকৃত পরীক্ষাটি করানো উচিত এখানে: **gov.uk/get-coronavirus-test** বা **119** নম্বরে গ্রাহক যোগাযোগ কেন্দ্রে ফোন করে। লাইনগুলি প্রতিদিন সকাল 7টা থেকে রাত 11টা পর্যন্ত খোলা থাকে।

আপনার এবং আপনার পরিবারের জাতীয় নির্দেশিকা অনুসরণ করা উচিত।

### বাতিল হওয়া ফলাফল

যদি আপনি একটি অকার্যকর ফলাফল পান, তার অর্থ এই যে পরীক্ষাটি করার সময় আপনার ভাইরাস ছিল কিনা তা বলা সম্ভব নয়। আপনার করোনাভাইরাস আছে কিনা তা পরীক্ষা করার জন্য, যত তাড়াতাড়ি সম্ভব আরেকটি পরীক্ষা করান। প্রথম পরীক্ষা থেকে কিছু পুনরায় ব্যবহার করবেন না, এবং ধাপ 1 থেকে পরীক্ষার প্রক্রিয়া শুরু করুন।

### যদি সমস্যাটি বিরাজমান থাকে

যদি সমস্যাটি বিরাজমান থাকে, তাহলে পরীক্ষার কিটগুলো ব্যবহার করা অবিলম্বে বন্ধ করুন। যদি আরেকটি পরীক্ষার সরঞ্জাম না থাকে, তাহলে ভিন্ন ধরনের পরীক্ষা করাতে পারেন NHS কোভিড-19 অ্যাপের মাধ্যমে অথবা **gov.uk/get-coronavirus-test** এ গিয়ে, বা **119** নম্বরে গ্রাহক যোগাযোগ কেন্দ্রে ফোন করে। লাইনগুলি প্রতিদিন সকাল 7টা থেকে রাত 11টা পর্যন্ত খোলা থাকে।

## 8 পরীক্ষার পারফরমেন্স

যদি কারো উচ্চমাত্রার করোনাভাইরাস (কোভিড-19) থাকে তাহলে পরীক্ষায় তার পজিটিভ ফলাফল আসার সম্ভাবনা বেশি।
এর মানে হলো, যে সকল মানুষ বর্তমানে আক্রান্ত এবং যাদের অবিলম্বে নিজেকে আলাদা করা প্রয়োজন, তাদেরকে এটি খুব সম্ভবত সনাক্ত করবে।

## 9 আপনার টেস্ট কিট নিরাপদে ফেলে দিন

আপনার পরীক্ষা করা হয়ে গেলে, ব্যবহৃত টেস্ট কিটের সমস্ত সামগ্রী আপনার সাধারণ পরিবারের বর্জ্যের মধ্যে রাখুন।

ফেলে দেওয়ার পরে আপনার হাত ভালোভাবে ধুয়ে নিন।

Withdrawn January 2024


এই নির্দেশিকার পুস্তিকা কেবল MP Biomedicals দ্রুত SARS-CoV-2 অ্যান্টিজেন টেস্ট কার্ড, পণ্যের কোড: 07AG6007BS।
আপনার সমস্ত পরীক্ষার ফল NHS এর কাছে রিপোর্ট করুন

## আপনার পরীক্ষার ফলাফল লিখে রাখুন

এটা আপনার নিজের রেকর্ডের জন্য। আপনাকে এরপরেও আপনার ফলাফল NHS-এর কাছে রিপোর্ট করতে হবে (তথ্যের জন্য পৃষ্ঠা 15 দেখুন)।

দেখুন: **gov.uk/report-covid19-result**

যদি স্কটল্যান্ডে বসবাস করেন, তাহলে দেখুন: **covidtest.scot**

| টেস্ট কিটের QR কোড / আইডি নম্বর | কে পরীক্ষা করেছেন | তারিখ | সময় | পরীক্ষার ফলাফল |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

## আপনার কিটে নিম্নলিখিত উপকরণ রয়েছে

| আইটেম | 7-প্যাক |
|---|---|
| সিল করা র্যাপারে টেস্ট কার্ড | 7 |
| সিল করা র্যাপারে স্টেরাইল সোয়াব | 7 |
| এক্সট্রাকশন টিউব | 7 |
| এক্সট্রাকশন বাফার বোতল | 7 |
| ব্যবহারের নির্দেশাবলী (এই নথি) | 1 |
| টিউব স্ট্যান্ড | 1 |

Withdrawn January 2024



এই নির্দেশিকার পুস্তিকা কেবল MP Biomedicals দ্রুত SARS-CoV-2 অ্যান্টিজেন টেস্ট কার্ড, পণ্যের কোড: 07AG6007BS।

আপনার সমস্ত পরীক্ষার ফল NHS এর কাছে রিপোর্ট করুন 19

শুধুমাত্র NHS টেস্ট অ্যান্ড ট্রেস কর্মসূচির আওতায় স্বাস্থ্য এবং সামাজিক পরিষেবা বিভাগ (DHSC) মোতায়েন বাস্তবায়নের অংশ হিসেবেই এই ডিভাইস সরবরাহের অনুমতি আছে।

প্রস্তুতকারক:
MP Biomedicals Germany GmbH
Thueringer Str. 15 37269
Eschwege, Germany (জার্মানি)

CE 0123

সোয়াব প্রস্তুতকারক:
Jiangsu Hanheng Medical Technology Co.,Ltd. 16-B4,#1 North Qingyang Road,
Tianning District, 213017, Changzhou, Jiangsu, China (গণপ্রজাতন্ত্রী চীন)

CE 0197

EC REP Luxus Lebenswelt GmbH
Kochstr.1, 47877, Willich, Germany (জার্মানি)

সোয়াব প্রস্তুতকারক:
Goodwood Medical Care Ltd. 1-2 Floor, 3-919 Yongzheng Street,
Jinzhou District, Dalian, 116100 Liaoning, China (গণপ্রজাতন্ত্রী চীন)

CE 0197

EC REP CMC Medical Devices & Drugs S.L.
C/ Horacio Lengo No18, CP 29006, Màlaga, Spain (স্পেইন)

## প্রতীকগুলোর সূচক

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| 4°C – 30°C | 4 – 30°C এর মধ্যে সংরক্ষণ করুন | STERILE EO | ইথাইলিন অক্সাইড দিয়ে স্যানিটাইজ করা হয়েছে | | প্রস্তুতকারক | Σ 7 | 7 টি পরীক্ষার জন্য যথেষ্ট ধারণ করে |
| LOT | লট নম্বর | | যে তারিখের মধ্যে ব্যবহার করতে হবে | IVD | ইন ভিট্রো ডায়াগনস্টিক মেডিকেল ডিভাইস | | প্যাকেজটি ক্ষতিগ্রস্ত হলে ব্যবহার করবেন না |
| | রোদ থেকে দূরে রাখুন | | সতর্কতা | | পুনরায় ব্যবহার করবেন না | | পুনর্ব্যবহারযোগ্য |
| | শুকনো রাখুন | | ব্যবহারের জন্য নির্দেশনা দেখুন | CE | ইউরোপীয় সামঞ্জস্য | REF | ক্যাটালগ নম্বর |
| EC REP | অনুমদিত প্রতিনিধি | | | | | | |

এই নথির সকল তথ্য ও ছবি 24/09/2021 তারিখ অবধি সঠিক। সংস্করণ 0002

REF 07AG6007BS



Withdrawn January 2024